

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
(এনডিডি ও অটিজম অধিশাখা)
প্রজ্ঞাপন

তারিখ : ২১ ভাদ্র ১৪২৪/০৫ সেপ্টেম্বর ২০১৭

নং ৪১.০০.০০০০.০৫৪.০৩.০০৩.১৬-৩৯—নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ এর ধারা ১৩(১) এর বিধান মতে সরকার অবসরপ্রাপ্ত প্রফেসর ডাঃ গোলাম রব্বানী, প্রাক্তন পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব মেন্টাল হেলথ (এন আই এম এইচ)-কে নিম্নোক্ত শর্তে দ্বিতীয় মেয়াদে ০৩(তিন) বছরের জন্য (০১ জুলাই, ২০১৭ থেকে ৩০ জুন, ২০২০) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন হিসেবে মনোনয়ন প্রদান করল :

শর্তসমূহ :

- (ক) তিনি নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ডের সার্বক্ষণিক চেয়ারপার্সন হিসেবে দায়িত্ব পালন করবেন।
- (খ) তিনি ট্রাস্টের তহবিল হতে মাসিক সম্মানী হিসেবে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রাপ্য হবেন।
- (গ) প্রচলিত বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে তিনি চালকসহ একটি উপযুক্ত মানের গাড়ী (জ্বালানীসহ) প্রাপ্য হবেন।
- (ঘ) তিনি তাঁর পেশাগত অভিজ্ঞতা ও দক্ষতা ট্রাস্টের লক্ষ্য অর্জনে ব্যবহার করবেন।
- (ঙ) এই বিশেষ সম্মানী প্রদানের বিষয়টি নজীর হিসেবে গণ্য করা যাবে না।

ফারজানা মমতাজ
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১০৩১৯)

মূল্য : টাকা ৪.০০